

সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, চাটমোহর, পাবনা কর্তৃক নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ আব্দুল মতিন, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, চাটমোহর, পাবনা।

স্থানঃ সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, চাটমোহর, পাবনা।

তারিখঃ ০৫/১০/২০২৩ খ্রি.

সময়ঃ সকাল ১০.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (পরিশিষ্ট-ক)

অধ্যকার সভা মোঃ আব্দুল মতিন, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, চাটমোহর, পাবনা এর সভাপতিত্বে শুরু হয়।

সভাপতি সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যক্রম শুরু করেন।

সভার শুরুতে সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, চাটমোহর, পাবনা সভায় গত ১০/০৭/২০২৩ খ্রি. তারিখে নৈতিকতা কমিটির ১ম সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি কি অবস্থায় আছে, তা জানতে চান। অফিস সহকারি সভায় জানান যে, ১ম ত্রৈমাসিক প্রতিবেদন জেলা মৎস্য দপ্তর, পাবনা বরাবর নির্দিষ্ট সময়ে প্রেরণ করা হয়েছে।

অতঃপর তিনি ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারের কার্যক্রমসমূহ সভায় উপস্থাপন করেন। কার্যক্রম অনুযায়ী ২য় কোয়ার্টারের কার্যক্রমসমূহের আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্র. নং	১ম কোয়ার্টারের কার্যক্রমসমূহের নাম	আলোচনা/বিবরণ	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
০১	নৈতিকতা কমিটির সভার আয়োজন	অফিস সহকারী সভায় জানান, ২০২৩-২০২৪ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ৪ কোয়ার্টারে ৪টি নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে হবে। ২য় কোয়ার্টারের ত্রৈমাসিক প্রতিবেদন ডিসেম্বর এর মধ্যে জমা দিতে হবে।	প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির ১টি করে মোট ৪ টি সভা আয়োজন করতে হবে।	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
০২	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	অফিস সহকারী সভায় জানান, ১ম সভার সিদ্ধান্ত সমূহ ১০০% বাস্তবায়ন করা হয়েছে এবং এ সভার গৃহীত সিদ্ধান্তসমূহ ধারাবাহিকভাবে বাস্তবায়ন করা হবে।	সকল কাজের প্রমাণক সংগ্রহ করতে হবে।	অফিস সহকারী
০৩	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভা	অফিস সহকারী সভায় জানান, ১ম কোয়ার্টারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভা করা হয়েছে। এবং ২য় কোয়ার্টারেও সভা করা হবে।	১ম কোয়ার্টারে সভা অনুষ্ঠিত হয়েছে।	
০৩	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	অফিস সহকারী সভায় জানান, ২০২৩-২০২৪ অর্থবছরে বাৎসরিক দুই ব্যাচে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ করাতে হবে।	প্রস্তুতকৃত প্রশিক্ষণ কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	অফিস সহকারী
০৪	কর্মপরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি)	এ বিষয়ে আলোচনায় অংশ নিয়ে অফিস সহকারী জানান যে, কর্মপরিবেশ উন্নয়নে অত্র দপ্তরের অকেজো মালামাল ইতিমধ্যে অপসারণ করা হয়েছে। পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান রয়েছে। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার বর্ণিত কার্যক্রমের বিষয়ে প্রমাণকসমূহ প্রস্তুত রাখার জন্য অনুরোধ করেন।	সকল কাজের প্রমাণক সংগ্রহ করতে হবে।	অফিস সহকারী
০৫	জাতীয় শুদ্ধাচার	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা,	১ম কোয়ার্টারের	অফিস সহকারী

	কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন ওয়েবসাইটে আপলোডকরণ	২০২৩-২০২৪ ওয়েবসাইটে আপলোড করা হয়েছে এবং ২য় কোয়ার্টারের ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করতে হবে।	ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।	
০৬	২০২৩-২০২৪ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ	২০২৩-২০২৪ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ৩১, জুলাই, ২০২৩ তারিখের মধ্যে ওয়েবসাইটে আপলোড করতে হবে।	৩১, জুলাই, ২০২৩ তারিখের মধ্যে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।	

সভায় উপরে উল্লেখিত প্রত্যেকটি কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) ডিসেম্বর, ২০২৩ এর মধ্যে সকল কার্যক্রম এর প্রমাণক আবশ্যিকভাবে জেলা মৎস্য দপ্তর, পাবনায় প্রেরণ করতে হবে এবং সকল প্রমাণক ওয়েবসাইটে আপলোড করতে হবে।

পরিশেষে সভায় সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, চাটমোহর, পাবনা নির্ধারিত সময়ের মধ্যে ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টার কার্যক্রমসমূহ বাস্তবায়নপূর্বক যথাসময়ে জেলা মৎস্য দপ্তর, পাবনায় প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আব্দুল মতিন)


সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
চাটমোহর, পাবনা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

স্মারক নং-৩৩.০২.৭৬২২.৫০১.৪৮.০০১.২৩.

- ১) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ২) জেলা মৎস্য দপ্তর, পাবনা।
- ৩) সংশ্লিষ্ট নথি।

তারিখঃ ০৫/১০/২০২৩ খ্রি.



সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
চাটমোহর, পাবনা।

সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, ফরিদপুর, পাবনা কর্তৃক নৈতিকতা কমিটির সভার উপস্থিতি হাজিরা


সভাপতিঃ মোঃ আব্দুল মতিন, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, চাটমোহর, পাবনা।

স্থানঃ সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, চাটমোহর, পাবনা।

তারিখঃ ০৫/১০/২০২৩ খ্রি.

সময়ঃ সকাল ১০.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (পরিশিষ্ট-ক)

ক্রমিক নং	নাম ও মোবাইল নম্বর	পদবী	উপস্থিতি হাজিরা স্বাক্ষর
০১	মোঃ আব্দুল মতিন, ০১৭৬৯-৪৫৯৬৯১	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার	
০৪	মোঃ শাহাদত হোসেন, ০১৭৩৮-৬৪৫৫৮৩	অফিস সহকারী	